অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়ের জন্য রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন

বারোটি কৌশলী ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প হাঁটার উপযোগিতা এবং সাউথওয়েস্ট গেটওয়ে এবং ডাউনটাউন সিরাকিউজের মধ্যকার সংযোগ উন্নত করে, ব্যবসা ও আবাসন সুযোগ সম্প্রসারণ করে পুনর্গঠন এবং ইনফিল ডেভেলপমেন্টের মাধ্যমে এবং সম্প্রদায়ের সেবা উন্নত করে

প্রকল্পের রেন্ডারিংগুলো পাওয়া যাবে[এখানে]

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়েতে 12 টি রূপান্তরকারী প্রকল্প ঘোষণা করলেন। তহবিল সম্প্রদায়ের হাঁটার উপযোগিতা বৃদ্ধি করবে, ঐতিহাসিক ভবন পুনঃস্থাপন করবে এবং আবাসন ও ব্যবসায়িক সুযোগ সৃষ্টি করবে।

"সিরাকিউজ ইউনিভার্সিটির (Syracuse University) একজন অ্যালামনা হিসেবে, আমি জানি শহর ও অঞ্চলে একটি পুনরুত্থান তৈরি করতে সিরাকিউজ সম্প্রদায় কতটা একত্রিত হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পসমূহ সাউথ গেটওয়ে জেলাকে উন্নত করে এটিকে আরো হাঁটার উপযোগী ও প্রাণবন্ত এলাকায় পরিণত করবে এবং ব্যবসায়িক ও বিনোদনের সুযোগ সম্প্রসারণ করবে, সিরাকিউজ ও সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য সুযোগ ও সমৃদ্ধির একটি নতুন অধ্যায় শুরু করবে।"

সিরাকিউজ সিটির সাউথওয়েস্ট গেটওয়ে একটি বৈচিত্র্যময় সম্প্রদায় যেখানে রয়েছে ঐতিহাসিকভাবে কম বিনিয়োগ করা আবাসিক এলাকা, ঐতিহাসিক প্রাক্তন ম্যানশনকে কেন্দ্র করে বাণিজ্যিক করিডোর, এবং বিখ্যাত সল্ট সিটি মার্কেট (Salt City Market), যেখানে বিশ্বের অনেক ধরনের সংস্কৃতির খাবার পাওয়া যায়। এলাকায় অনেক খালি পার্সেল ও অব্যবহৃত ভবন আছে, যেখানে সম্প্রতি বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে এবং যা DRI-র মাধ্যমে আরো পুনর্গঠনের সুযোগ প্রদান করে। সিরাকিউজের পুনরুজ্জীবনের প্রধান উদ্দেশ্যে পথচারীর অভিজ্ঞতা উন্নত

করা, খালি ও জর্জরিত ভবনকে আবাসন ও বাণিজ্যিক ব্যবহারের জন্য পুনরায় ব্যবহার করা এবং সম্প্রদায়ের সেবা উন্নত করা।

বিনিয়োগগুলি সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। নিউ ইয়র্ক স্টেট বিভাগের (Department of State) নেতৃত্বে DRI অংশগ্রহণকারী সম্প্রদায়গুলিকে কারিগরি সহায়তা প্রদান করে যখন তারা একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠন করে এবং তাদের ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করার প্রকল্পসমূহকে সনাক্ত করে।

DRI-র মাধ্যমে অর্থায়িত নির্দিষ্ট প্রকল্পসমূহ সম্প্রদায়ের কৌশলী বিনিয়োগ পরিকল্পনার একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন, হাঁটার উপযোগিতা এবং সাউথওয়েস্ট গেটওয়ে এবং ডাউনটাউন সিরাকিউজের মধ্যকার সংযোগ উন্নত করা, ব্যবসা ও আবাসন সুযোগ সম্প্রসারণ করা পুনর্গঠন এবং ইনফিল ডেভেলপমেন্টের মাধ্যমে এবং সম্প্রদায়ের সেবা উন্নত করা। DRI-র মাধ্যমে এইসব প্রকল্পে করা 9.7 মিলিয়ন মার্কিন ডলার পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর ও গতিবেগ বৃদ্ধির সাথে সাথে অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করবে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

<u>হাঁটার উপযোগিতা এবং সাউথওয়েস্ট গেটওয়ে এবং ডাউনটাউন সিরাকিউজের মধ্যকার সংযোগ উন্নত করা</u>

সাউথ অ্যাভিনিউ স্ট্রিটস্কেপের সৌন্দর্যবর্ধন - DRI পুরস্কার: 1,378,000 মার্কিন ডলার
ক্ষতিগ্রস্ত সাইডওয়াক প্যানেল মেরামত, সড়কের আসবাব ও আলঙ্কারিক বাতি যোগ করা এবং বাইক লেন তৈরি করার মাধ্যমে সাউথ অ্যাভিনিউতে আরো গতিশীল এবং কার্যকরী একটি স্ট্রিটস্কেপ তৈরি করা।

স্যালিনা এবং ওনন্ডাগা মোড়ের নতুন করে নকশা ও নির্মাণ - DRI পুরস্কার: 1,001,000 মার্কিন ডলার
পথচারীদের জন্য নিরাপদতর পারাপার, বাইসাইকেল লেন এবং কার্ব বাম্প আউট যোগ করার মাধ্যমে ওয়েস্ট ওনন্ডাগা স্ট্রিটের দুইটি মোড়ের উন্নয়ন।

ওয়েস্ট ওনন্ডাগা স্ট্রিটের রেলরোড ব্রিজ সক্রিয় করা - DRI পুরস্কার: 599,000 মার্কিন ডলার
একটি সক্রিয় রেলরোড ব্রিজের নিচে একটি নতুন জনসমাগমের স্থান তৈরি করা। এই স্থানে বাতি, বসার ব্যবস্থা, উদ্ভিদ ও ম্যুরাল থাকবে।

<u>পুনর্গঠন এবং ইনফিল ডেভেলপমেন্টের মাধ্যমে ব্যবসা ও আবাসন সুযোগ সম্প্রসারণ করা</u>

তিনটি ঐতিহাসিক পরিত্যক্ত ভবন পুনর্জীবিত করা ও ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা - DRI পুরস্কার: 1,217,000 মার্কিন ডলার
সাউথওয়েস্ট গেটওয়ের দুইটি নোঙ্গর, ওয়েস্ট ওনন্ডাগা স্ট্রিট এবং সাউথ অ্যাভিনিউয়ের কোণায় তিনটি ঐতিহাসিক ভবনের পুনঃস্থাপন। ট্রিনিটি চার্চ, গিলেট হাউজ এবং প্যারিশ হাউজ পুনর্বাসিত এবং রূপান্তরিত হবে একটি ব্রিউয়ারি, অফিস স্পেস এবং আবাসন হিসেবে ব্যবহৃত হওয়ার জন্য।

ট্রিনিটি সাউথ অ্যাভিনিউ মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট নির্মাণ - DRI পুরস্কার: 1,000,000 মার্কিন ডলার
একটি মিশ্র ব্যবহারের আবাসিক প্রকল্প নির্মাণ যেখানে আনুমানিক 62টি ভাড়ার আবাসন ইউনিট এবং খুচরা বিক্রি বা কমিউনিটি ফ্যাসিলিটির স্থান থাকবে।

একটি ফ্যাসেড উন্নয়ন তহবিল তৈরি - DRI পুরস্কার: 600,000 মার্কিন ডলার
স্থানীয় ব্যবসার মালিকদের জন্য একটি অনুদান তহবিল তৈরি যাতে তারা তাদের ভবনের ফ্যাসেড পুনঃস্থাপন, নিচ তলার অভ্যন্তরীণ বাণিজ্যিক স্থানের সৌন্দর্যবর্ধন, এবং ভবনের প্রবেশপথ রিট্রোফিট করতে পারে।

হোয়েডন হাউজ পুনঃস্থাপন - DRI পুরস্কার: 530,000 মার্কিন ডলার
একটি খালি ঐতিহাসিক ম্যানশন সংস্কার। চূড়ান্ত সংস্কারে অন্তর্ভুক্ত থাকবে আবাসিক অ্যাপার্টমেন্ট, বাণিজ্যিক স্থান এবং জনগণের স্থান।

জুবিলি ওয়ার্কফোর্স সেন্টার নির্মাণ - DRI পুরস্কার: 500,000 মার্কিন ডলার
একটি মিশ্র ব্যবহারের ভবন তৈরি যেখানে নিচতলায় একটি কর্মীবাহিনী প্রশিক্ষণ কেন্দ্র থাকবে এবং দ্বিতীয় ও তৃতীয় তলায় কর্মীবাহিনীর অ্যাপার্টমেন্ট থাকবে।

ব্যবসায়িক করিডোর ব্রডব্যান্ড স্থাপন - DRI পুরস্কার: 460,000 মার্কিন ডলার
ওয়েস্ট ওনন্ডাগা স্ট্রিট এবং সাউথ অ্যাভিনিউয়ের ব্যবসায়িক করিডোর সংলগ্ন এলাকায় ইন্টারনেট সংযোগ উন্নত করার জন্য ফাইবার ব্যাকহল অবকাঠামো এবং ওয়্যারলেস সরঞ্জাম স্থাপন করা।

প্রাক্তন B&B লাউঞ্জ পুনর্গঠন - DRI পুরস্কার: 300,000 মার্কিন ডলার
একটি প্রাক্তন বার ও রেস্টুরেন্ট পুনঃস্থাপন করে একটি রেস্টুরেন্টের লাউঞ্জ স্পেসে এবং রেস্টুরেন্টের উপরে আবাসিক ইউনিটে পরিণত করা।

<u>**সম্প্রদায়ের সেবা উন্নত করা**</u>

সাউথওয়েস্ট কমিউনিটি সেন্টার নতুন করে নকশা করা - DRI পুরস্কার: 1,115,000 মার্কিন ডলার

সাউথওয়েস্ট কমিউনিটি সেন্টারে (Southwest Community Center) অভ্যন্তরীণ এন্ড বাহ্যিক উন্নয়ন প্রদান করা, যার মধ্যে থাকবে একটি নতুন ফ্যাসেড, গণ বাথরুমের হালনাগাদকরণ এবং জিমের উন্নয়ন।

রেসকিউ মিশনের ক্যাম্পাস নির্মাণ - DRI পুরস্কার: 1,000,000 মার্কিন ডলার
ওয়েস্ট ওনন্ডাগা স্ট্রিটের একটি খালি পার্সেলে রেসকিউ মিশনের (Rescue Mission) একটি নতুন ফ্যাসিলিটি নির্মাণ করা। নতুন ভবনটির নিচতলায় থাকবে বাণিজ্যিক/খুচরা বিক্রির স্থানসহ একটি গুদামঘর এবং দোতলায় থাকবে অফিস স্পেস।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়েতে স্বল্প ব্যবহৃত সম্পত্তি পুনর্গঠনে সাম্প্রতিক বিনিয়োগসমূহ সেই গতিবেগ সৃষ্টি করছে যা এই বর্ধিষ্ণু ডাউনটাউন সম্প্রদায়কে সিরাকিউজ শহরের একটি শহুরে, হাঁটার উপযোগী অংশে রূপান্তরিত করতে প্রয়োজন। এই ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ অর্থের মাধ্যমে, সাউথওয়েস্ট গেটওয়ে অবিচ্ছিন্নভাবে ডাউনটাউন সিরাকিউজের সাথে সংযুক্ত হবে, এবং খালি ঐতিহাসিক ভবনগুলি পুনঃস্থাপিত হবে এবং ভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হবে যাতে আরো আবাসন সুযোগ সৃষ্টি করা যায় এবং একই সাথে সম্প্রদায়ের সকল বাসিন্দাকে সমর্থন করার জন্য অত্যাবশ্যকীয় ব্রডব্র্যান্ড ও কর্মীবাহিনীর প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা যায়। সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়ের সম্পূর্ণ সম্প্রদায়কে তাদের প্রকল্পসমূহের জন্য অভিনন্দন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এই 12টি DRI প্রকল্পের মধ্যে রয়েছে সিরাকিউজ সিটি সেন্টারের প্রাক্তন কিছু রত্নকে রূপান্তর করা এবং তাদেরকে একটি নতুন এবং কৌশলী দ্যুতি প্রদান করা যা ডাউনটাউনকে আরো বেশি উজ্জ্বল করবে। একটি খালি ম্যানশনকে আবাসিক ও বাণিজ্যিক স্থানে পরিণত করা থেকে ইন্টারনেট সংযোগ ও কর্মীবাহিনীর প্রশিক্ষণের সুযোগ উন্নত করা পর্যন্ত, আমরা প্রাণবন্ত ডাউনটাউনে বিনিয়োগ করার মূল্য দেখতে পারছি।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সফল কারণ এটি সম্প্রদায়কে একত্রিত করে কেন্দ্রীয় প্রকল্প ও ডেভেলপমেন্টের সংজ্ঞা ও নকশা করার জন্য যা পরিবর্তন চালনা করে এবং নিউ ইয়র্কের ডাউনটাউনসমূহে নতুন শক্তি নিয়ে আসে। এই 12টি প্রকল্প, যেগুলির উদ্দেশ্য সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়েতে জীবনের প্রতিটি দিক উন্নত করা, সেগুলি এমন পরিবর্তন আনবে যা ডাউনটাউনের সাথে এলাকার সংযোগ জোরদার করবে, হাঁটার উপযোগিতা বৃদ্ধি করবে এবং অত্যাবশ্যকীয় সংস্কার ও নতুন নির্মাণের অর্থায়ন করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ শুধু নিউ ইয়র্কের অর্থনৈতিক বিকাশ কর্মসূচির একটি অতি গুরুত্বপূর্ণ অংশ নয়, বরং এটি আপস্টেট অর্থনীতি পুনর্জীবিত করতে এবং সিরাকিউজের মতো শহরে আরো সুযোগ তৈরি করতে গভর্নর হোকলের

প্রতিশ্রুতির স্পষ্ট নিদর্শন। আমরা জানি এমন কর্মসূচি কাজ করে কারণ এটি টপ-ডাউন পন্থা নয়; আমরা স্থানীয় সম্প্রদায়কে, যারা জানে তাদের সেরা সম্পদ কী, তাদেরকে স্টেটের কাছে নিজেদের পরিকল্পনা নিয়ে আসতে বলছি, এবং এরপর আমরা এই পরিকল্পনা বাস্তবে পরিণত করতে তাদের সাহায্য করছি। সিরাকিউজের সাউথওয়েস্ট গেটওয়ে সম্প্রদায়কে অভিনন্দন, এবং গভর্নর হোকল, আপনাকে আপনার নেতৃত্বের জন্য আপস্টেট নিউ ইয়র্কের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর র‍্যাচেল মে বলেন, "সিরাকিউজ সিটি বিগত বেশ কয়েক বছর ধরে ধারাবাহিক প্রবৃদ্ধি ও কৌশলী বিনিয়োগ পেয়েছে। এটি একটি দুর্দান্ত সংবাদ যে তা একাধিক প্রকল্পের জন্য ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের 10 মিলিয়ন মার্কিন ডলারের দ্বারা অব্যাহত থাকবে। এই বিনিয়োগটি সিরাকিউজকে সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনৈতিক ইঞ্জিন হিসেবে বহাল রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ। সম্প্রদায়ের গ্রিড গঠনের পাশাপাশি, এই প্রকল্পসমূহ আমাদের শহুরে কেন্দ্রকে পুনর্জীবিত করতে এবং সিরাকিউজের উত্থানে আরো প্রবৃদ্ধি শুরু করতে সাহায্য করবে। এই অঞ্চলের উন্নয়নে আপনার সমর্থন ও অব্যাহত প্রচেষ্টার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা জে. হান্টার বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের এইসব উচ্চাকাঙ্ক্ষী ও রূপান্তরকারী প্রকল্পের অর্থায়ন নতুন ব্যবসায়িক সুযোগ তৈরি করবে এবং একই সাথে আমাদের সম্প্রদায়সমূহের জন্য উন্নত সামাজিক সেবা নিয়ে আসবে। আমাদের অঞ্চলে এই অব্যাহত বিনিয়োগকে অগ্রাধিকার প্রদান করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। এইসব বিনিয়োগ সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারে অবদান রাখবে যেহেতু আমরা সবথেকে প্রতিযোগিতামূলক কিছু উদীয়মান শিল্পখাতের একটি বৈশ্বিক কেন্দ্র হয়ে আছি।"

সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ স্বল্প ব্যবহৃত এবং খালি সম্পত্তির পুনর্গঠনে অনুঘটক হিসেবে কাজ করবে, সরকারি অবকাঠামো উন্নত করবে এবং সাউথওয়েস্ট গেটওয়ে এলাকার সাশ্রয়ী আবাসন বৃদ্ধি করবে। এক বছরের গণ বৈঠক এবং সম্প্রদায়কে জড়িত করা, যত্নসহকারে পরিকল্পনা এবং সিটির কর্মী, আমাদের উপদেষ্টা দল, এবং সাধারণ পরিষদের মধ্যকার সহযোগিতার পর, আমি এটি দেখে আনন্দিত যে এই রূপান্তরকারী প্রকল্পগুলি এখন অগ্রসর হওয়ার জন্য প্রস্তুত। আমি গভর্নর হোকল এবং আমাদের বহু অংশীদারদেরকে এই ঐতিহাসিক বিনিয়োগ এবং সিরাকিউজের শহুরে কেন্দ্রের চলমান রেনেসাঁতে তাদের অটুট প্রতিশ্রুতির কারণে ধন্যবাদ জানাচ্ছি।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-

তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418